

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জানুয়ারি ১০, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রঙানি-১ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৪ ডিসেম্বর ২০১৪

নং ২৬.০০.০০০০.১০০.৪২.১১.১৩-২৩৫—বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ এর ১০(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহ ব্যতীত অন্যান্য দেশের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং বাম/র-১/বিবিধ-৫/২০১০/২৭ তারিখ ১৪-২-২০১১ এর মাধ্যমে কোন পণ্যের উৎস, পরিমাণ ও ওজন সম্পর্কে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সার্টিফিকেট অব অরিজিন (সি,ও) জারী করার জন্য বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই) কে ৩১-১২-২০১২ পর্যন্ত ক্ষমতা প্রদান করা হয়। উক্ত আদেশের ধারাবাহিকতায় বছর বছর অনুমোদন সাপেক্ষে বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই) কে সি, ও জারীর ক্ষমতা আগামী ১(এক) বছর অর্থাৎ ০১-০১-২০১৫ হতে ৩১-১২-২০১৫ পর্যন্ত বৃদ্ধি করা হলো :

- (ক) সি.ও ফরম গ্রহণকারী ফার্মের পূর্ণ ঠিকানা রেজিস্টারে লিপিবদ্ধ করবে;
- (খ) পূরণকৃত সি.ও ফরম সংশ্লিষ্ট দলিলাদির সাথে মিলিয়ে সই ও সীলযুক্ত করে ইস্যু করবে;
- (গ) ইস্যুকৃত সি.ও ফরম এর অনুলিপি সংরক্ষণ করবে;
- (ঘ) বিসিআই মহাসচিব এর তত্ত্বাবধানে সি.ও ইস্যু করা হবে; এবং
- (ঙ) মন্ত্রণালয়ের ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ সাইদুর রহমান সেলিম
উপ-সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(১৪৯)

মূল্য : টাকা ৪.০০